

ফাতওয়া নাম্বার: ৪৬৭

প্রকাশকাল: ১২-০৬-২০২৪ ইং

সফরের কারণে রোযা কমবেশ হলে করণীয়

প্রশ্ন: রমযানে এক দেশ থেকে আরেক দেশে সফরের কারণে রোযা কমবেশ হয়ে গেলে করণীয় কী?

-আবদুল্লাহ মাহমুদ

উত্তর:

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

حامدا ومصليا ومسلما، أما بعد.

যদি সফরের কারণে রোযা বেড়ে যায়, যেমন কেউ সৌদিতে রোযা শুরু করে রমযান মাসেই বাংলাদেশে চলে আসল, তখন দেখা গেল, বাংলাদেশে যেদিন ২৯ বা ৩০ রোযা সেদিন তার রোযা হয়ে যাচ্ছে ৩০ বা ৩১ টি। তাহলে তিনি ৩০ বা ৩১ নং রোযাটিও রাখবেন এবং সবাই যেদিন ঈদ করবে, তিনিও সেদিনই সবার সঙ্গে ঈদ করবেন।

পক্ষান্তরে যদি সফরের কারণে রোযা কমে যায়, যেমন কেউ বাংলাদেশে রোযা শুরু করার পর সৌদিতে গিয়ে দেখলেন, যেদিন তার ২৯ রোযা, সেদিন সেখানে ঈদ। তার মানে তার রোযা পূর্ণ হয়েছে ২৮টি। এক্ষেত্রে তিনিও রোযা ভেঙ্গে সবার সঙ্গে ঈদ করবেন। সৌদিতে যদি এবার ২৯ রোযা হয়ে থাকে, পরে তিনি ১টি রোযা কাযা করবেন, আর যদি ৩০টি হয়, তাহলে দুটি রোযা কাযা করবেন।

فقط والله تعالى أعلم بالصواب.

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনছ)

০২-১১-১৪৪৫ হি.

১০-০৫-২০২৪ ঈ.

